# আগারগাঁওয়ে মোবাইল ব্যবসায়ীদের সড়ক অবরোধ, যান চলাচল বন্ধ




সংগৃহীত ছবি

রাজধানীর আগারগাঁও এলাকায় মোবাইল ব্যবসায়ীরা সড়ক অবরোধ করেছেন। তাদের দাবি নতুন নিয়ম ও কর সংক্রান্ত, যা চালু হলে ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হবেন এবং মোবাইলের দাম বাড়বে। আন্দোলনের কারণে মেট্রো স্টেশন সংলগ্ন গুরুত্বপূর্ণ পথ দিয়ে যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে।

আজ রোববার (৭ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টার পর ব্যবসায়ীরা সড়কটি অবরুদ্ধ করেন। মোবাইল বিজনেস কমিউনিটির সিনিয়র সহ-সভাপতি শামীম মোল্লা জানান, “বিটিআরসি ও আইসিটি মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনায় আমাদের প্রতিনিধি অংশ নিচ্ছেন। তবে ব্যবসায়ীদের স্বার্থ সুরক্ষিত না হলে সমাধান কার্যকর হবে না।”

প্রতিবাদকারীরা মূলত এনইআইআর বাস্তবায়ন, আমদানি শুল্ক হ্রাস এবং ছয়টি বিশেষ দাবি নিয়ে অবস্থান নিয়েছেন। তারা বলছেন, নতুন নিয়ম কার্যকর হলে শুধু নির্দিষ্ট গোষ্ঠী উপকৃত হবে এবং ব্যবসায়ীরা ও গ্রাহকরা বিপর্যস্ত হবেন।

LENS ASIA

তাদের দাবি, অবিক্রীত মোবাইল বিক্রির জন্য পর্যাপ্ত সময় দেওয়া হোক, নতুন নিয়মের আগে ব্যবহারকারী ও বিক্রেতাদের জন্য ডেমো বা টিউটোরিয়াল ভিডিও প্রকাশ করা হোক, ভেন্ডর তালিকাভুক্তি প্রক্রিয়া সহজ ও দ্রুত করা হোক এবং অন্তত ছয় মাসের পরীক্ষামূলক সময় চালানো হোক যাতে সকল সমস্যা চিহ্নিত করা যায়।